

পাটের ঘোড়া পোকা

বৈজ্ঞানিক নাম : *Cosmophila sabulifera*

পরিবার : Erebidae

বর্গ : Lepidoptera

জ্যৈষ্ঠ মাস থেকে শ্রাবণ মাস পর্যন্ত পাটের ক্ষেতে এ পোকাকার আক্রমণ দেখা যায় এবং দেশী পাটের তুলনায় তোষা পাটে এ পোকাকার আক্রমণ বেশি হয়ে থাকে।

এ পোকাকার পূর্ণতাপ্রাপ্ত কীড়ার গায়ের রং সবুজ বা বাদামী, গায়ে কোন লোম নেই। গায়ে কালো ডোড়া দাগ থাকে এবং এদের মাথার রং হলুদ।

স্ত্রী পোকা পাতার নিচের দিকে সবুজ রং এর ডিম পাড়ে। ডিম থেকে কীড়া বের হয়ে গাছের কচি পাতা, ডগা খেতে শুরু করে। পাটের মৌসুমে এ পোকা ২-৩ বার বংশ বিস্তার করে থাকে। এতে বার বার আক্রমণের কারণে পাটের কচি ডগা নষ্ট হয়ে যায় এবং গাছের শাখা প্রশাখা বের হয়। ফলে আঁশের গুণগত মান খারাপ হয় ও পাটের ফলন খুব কম হয়।



ঘোড়া পোকায় আক্রান্ত পাট গাছ

দমন ব্যবস্থাপনা:

- ✓ এ পোকাকার আক্রমণ দেখা গেলে কেরোসিন মিশ্রিত পানিতে ভিজানো রশি বা দড়ি গাছের উপর টেনে দিলে পোকাকার আক্রমণ রোধ করা যায়।
- ✓ পোকা খেচো পাখি যেমনঃ শালিক, ময়না বা ফিঙ্গে ইত্যাদি পাখি ঘোড়া পোকা খেতে খুবই পছন্দ করে, তাই পাটের ক্ষেতে কণ্ডি বা ডাল পালা পুঁতে পাখি বসার ব্যবস্থা করে এ পোকা দমন করা যায়।
- ✓ পাটের জমিতে ঘোড়া পোকাকার পরজীবী পোকা ট্র্যাকিনিড মাছির আক্রমণ হলে প্রাকৃতিক ভাবেই এ পোকা দমনে সাহায্য করে। জমিতে এ মাছি দেখা গেলে কীটনাশক ব্যবহারের তেমন প্রয়োজন হয় না।
- ✓ পোকাকার আক্রমণ বেশি হলে ক্লোরোপাইরিফস গ্রুপের যেমন রিপকর্ড ১০ ইসি/ কট ১০ ইসি লিটার ৫৫০ মিলি লিটার হারে পানিতে মিশিয়ে জমিতে স্প্রে করে এ পোকা দমন করা যায়। অথবা কার্বারিল গ্রুপের যেমন সেভিন ৮৫ এসপি ১.৭ কেজি প্রতি হেক্টর জমিতে প্রয়োগ করতে হবে। অথবা অনুমোদিত যেকোন কীটনাশক সঠিক মাত্রায় প্রয়োগ করতে হবে।
- ✓ স্প্রে করার সময় খুব খেয়াল রাখতে হবে যাবে গাছের উপর থেকে নীচের দিকে ১০ পাতা পর্যন্ত ভালভাবে ভিজে যায়।
- ✓ পাট কাটার পর জমি ভাল করে চাষ দিলে মাটির নিচের পুত্তলিগুলি বেরিয়ে আসে এবং পাখিরা সেগুলো খেয়ে ফেলে।

আরও তথ্যের জন্য:

পরিচালক উদ্ভিদ সংরক্ষণ উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা-১২১৫। E-mail: dppw@dae.gov.bd

বিস্তারিত জানার জন্য আপনার নিকটস্থ উপসহকারী কৃষি অফিসার অথবা উপজেলা কৃষি অফিসে যোগাযোগ করুন।